# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৪০৯/নতুন/কিশ/ ৭৫২০

তারিখ ঃ ১২/০১/১১

বিষয় ঃ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশ মোতাবেক বিদ্যালয় কর্তৃপক্ষকে জানানো যাচ্ছে যে, উক্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতির লক্ষ্যে মৌলিক শর্তাবলী পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে নিম্ন মাধ্যমিক বিদ্যালয়টিকে (৬ষ্ঠ-৮ম শ্রেণী পর্যন্ত) ০১/০১/২০১১ হতে ৩১/১২/২০১৩ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ ঃ

১। প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
৩। পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।
৪। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী সংখ্যা বাড়াতে হবে এবং শ্রেণীর ব্লাকবোর্ড, বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
৫। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষক/শিক্ষিকাগণকে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা গ্রহণ করে শ্রেণীকক্ষে পাঠদান করতে হবে।
৬। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
৭। বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
৮। সরকারী নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা যাবে না।
৯। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
১০। বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে,

স্বাঃ
মোঃ শাহেদুল খবির চৌধুরী
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

প্রাপকঃ প্রধান শিক্ষক
আলহাজ্ব সামছুদ্দিন ভূঞা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়,
পোঃ- + উপজেলা- সদর,
জেলা- কিশোরগঞ্জ।

মেমো নং- ৭৫২৫ (৭)

তারিখ ঃ ১২/০১/১১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কিশোরগঞ্জ।
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৬। চেয়ারম্যান, পরিচালনা কমিটি, আলহাজ্ব সামছুদ্দিন ভূঞা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।
৭। অফিস কপি।

১২.০১.১১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং ৪০৯/কিশ/ ২০৭/৫৩ তারিখ : ০৬/০৩/১৪

বিষয় : নিম্ন মাধ্যমিক একাডেমিক স্বীকৃতিসহ নবম শ্রেণি খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে, মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ১/০১/২০১৪ তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক একাডেমিক স্বীকৃতিসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ মানবিক শাখায় নবম শ্রেণি খোলার অনুমতি প্রদান করা হলো।

১। আবশ্যিক বিষয়সমূহ : (ক) বাংলা, (খ) ইংরেজি, (গ) গণিত, (ঘ) ধর্ম ও নৈতিক শিক্ষা, (ঙ) বিজ্ঞান, (চ) শারিরীক শিক্ষা স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা, (ছ) বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা, (জ) ভূগোল ও পরিবেশ, (ঝ) অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা।

২। ঐচ্ছিক বিষয় : (যে কোন ১টি) পাঠ্যক্রম অনুযায়ী।

**শর্তসমূহ :**

১। নিম্ন মাধ্যমিক প্রাথমিক পাঠদান ও নবম শ্রেণি খোলার অনুমতিকে কোন অবস্থাতে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
২। বিদ্যালয়ের নবম/১৪ সনের ছাত্র-ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।
৩। বিদ্যালয়ের কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে দাখিল করতে হবে।
৪। বিদ্যালয়ের জেএসসি ও এসএসসি পরীক্ষার ফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে মাধ্যমিক একাডেমিক স্বীকৃতির বিষয় বিবেচনা করা হবে।
৫। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।
৬। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
৭। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগতমান বৃদ্ধি করতে হবে।
৮। বিদ্যালয়ের আঙ্গীনায় ছোট-বড় বৃক্ষ রোপন করে পরিচর্চার ব্যবস্থা করতে হবে।
৯। সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
১০। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
১১। আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ
মোঃ শাহেদুল খবির চৌধুরী
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক: প্রধান শিক্ষক
আলহাজ্ব সামছুদ্দিন ভূঁঞা উচ্চ বিদ্যালয়,
পোঃ + উপঃ- সদর,
জেলাঃ কিশোরগঞ্জ।

মেমো নং- ২০৭/৫৩ (১০)

তারিখ : ০৬/০৩/১৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৫। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কিশোরগঞ্জ।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
১০। অফিস কপি।

৬.৩.১৪

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৪০৯/কিশ/ ০৮৪৩ তারিখ : ২৪/৮/১৪

## অফিস আদেশ

বিষয় : বিদ্যালয়ে বিজ্ঞান শাখা, ব্যবসায় শিক্ষা শাখা, কম্পিউটার ও কৃষি শিক্ষা বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কিশোরগঞ্জ জেলার কিশোরগঞ্জ সদর উপজেলাধীন **আলহাজ্ব সামছুদ্দিন ভূঞা** উচ্চ বিদ্যালয়ে ০১/০১/২০১৪ তারিখ হতে বিজ্ঞান শাখা, ব্যবসায় শিক্ষা শাখা, কম্পিউটার ও কৃষি শিক্ষা বিষয় খোলার অনুমতি প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ
**এ.টি.এম. মইনুল হোসেন**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

প্রাপক : **প্রধান শিক্ষক**
আলহাজ্ব সামছুদ্দিন ভূঞা উচ্চ বিদ্যালয়,
পোঃ- + উপজেলা- সদর,
জেলা- কিশোরগঞ্জ।

মেমো নং- ০৮৪৩(২) তারিখ : ২৪/৮/১৪

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। পরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৪। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৫। অফিস কপি।

12.০৫.14
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

০৬/৮/১৪